

মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা অধিদপ্তরীয় কর্মকর্তাগণের প্রশিক্ষণের পাশাপাশি সমসাময়িক চ্যালেঞ্জ ও সম্ভাবনাকে কাজে লাগানোর লক্ষ্যে সংশ্লিষ্ট সেক্টরহোল্ডারগণের সমন্বয়ে ইস্যুভিত্তিক বিভিন্ন কর্মশালার আয়োজন করে থাকে। প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ মডিউল তৈরি, হালনাগাদকরণ ও ভ্যালিডেশন কর্মশালার আয়োজন ও এ একাডেমি তার জন্মলগ্ন থেকেই সফলতার সাথে করে আসছে।

মৎস্য প্রশিক্ষণ একাডেমি কর্তৃক প্রস্তাবিত ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা অনুমোদনের লক্ষ্যে মৎস্য অধিদপ্তরে দিনব্যাপী এক ভ্যালিডেশন কর্মশালার মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা চূড়ান্ত করা হয়।

২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রস্তাবিত প্রশিক্ষণ পরিকল্পনা

No.	Subjects
01.	Training on Fisheries Resource Survey System: Capacity Building Towards Quality Data Collection (Three Batches)
02.	Performance Development Training for FDI & FTI Officers (Two Batches)
03.	Basic Training Course for Entry Level Officers of DoF (Two Batches)
04.	Training on Fish Diseases and their Remedies (Two Batches)
05.	Training on PPA-PPR and Financial Management.
06.	Training on Food Security and Food Safety Compliances
07.	Training for ToT on Basic Extension Course
08.	Training on Office Management (Two Batches)
09.	Training on IoT based Aquaculture
10.	Training on Office Administration & Governance (Two Batches)
11.	Capacity Development on Implementation of Fisheries Sector related Acts and Rules



২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রস্তাবিত কর্মশালা/সেমিনার পরিকল্পনা

No.	Subjects
01	Workshop on FRSS Module formulation and validation
02	Workshop on updating Module of Basic Training Course for Entry Level Officers of DoF
03	Workshop on Developing Training Module on Marine Fisheries Act, 2020 and Rules 2023
04	Module formulation and validation workshop on Basic Computer training
05	Module Formulation and validation Workshop on Office Administration & Governance for Newly promoted Director, DD, DFO and SAD
06	Module Formulation and validation Workshop on Skill Development Course of FDI & FTI Officers
07	Validation Workshop on Training Plan and Budget Allocation for 2026-27 Fiscal Year

উল্লিখিত প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের পাশাপাশি একাডেমিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের দাপ্তরিক কাজে সক্ষমতা বৃদ্ধি ও কর্মসহায়ক পরিবেশ সমুন্নত রাখার লক্ষ্যে সমসাময়িক বিভিন্ন বিষয়ের ওপর ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়ে থাকে।



২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রস্তাবিত ইন-হাউজ প্রশিক্ষণ পরিকল্পনা

No.	Subjects
01.	In House Training on Preparation of Annual Procurement Plan
02.	In-House Training on Self-Tax Assessment and Tax Return Preparation
03.	In-House Training on Audit affairs
04.	In-House Training on ACR Management
05.	In-House Training on Nothi, D-Nothi Management
06.	In-House Training on Service Simplification
07.	In-House Training on Social media etiquette
08.	In-House Training on Govt. Servants Acts, 2018 and Government Servants (Conduct) Rules, 1979
09.	In-House Training on Office Management
10.	In-House Training on skill development of Classroom presentation technique and extension communication method
11.	In House training on Rights to Information Act, 2009

সর্বোপরি মৎস্যখাতে আধুনিক, বিজ্ঞানমনস্ক, প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবল তৈরির মাধ্যমে মৎস্য উৎপাদনশীলতা বৃদ্ধি ও সেবার মানোন্নয়ন এবং এ খাতকে সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের অন্যতম অনুষঙ্গ হিসেবে প্রতিষ্ঠিত করে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে এ প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে।



প্রকাশকাল: বৈশাখ ১৪৩৩/ এপ্রিল ২০২৬
প্রকাশ সংখ্যা : ১০০০ কপি (বিনামূল্যে বিতরণের জন্য)



মৎস্য প্রশিক্ষণ একাডেমি পরিচিতি ও চলমান কার্যক্রম



মৎস্য প্রশিক্ষণ একাডেমি
সাভার, ঢাকা
www.fta.fisheries.gov.bd

মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর একটি অঙ্গ প্রতিষ্ঠান। এ প্রশিক্ষণ একাডেমি ঢাকা জেলাধীন সাভার উপজেলার সিএন্ডবি এলাকায় ঢাকা-আরিচা মহাসড়কের পূর্ব পাশে অবস্থিত। এ প্রতিষ্ঠানের অন্যতম ম্যান্ডেট হলো মৎস্য অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি করা।

মৎস্য অধিদপ্তরাধীন একমাত্র এ প্রশিক্ষণ একাডেমি'র নির্মাণ কাজ ১৯৯৬-৯৭ অর্থবছরে তৃতীয় মৎস্য প্রকল্পের মাধ্যমে শুরু। একাডেমির আয়তন ২.২৮ একর।

মৎস্য প্রশিক্ষণ একাডেমি একজন পরিচালক দ্বারা পরিচালিত হয়। একাডেমির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে অনুমোদিত অর্গানোগ্রাম মোতাবেক এক জন উপপরিচালক, দুই জন সহকারী পরিচালক, তিন জন উপসহকারী পরিচালক এবং একজন লাইব্রেরিয়ান দায়িত্ব পালন করে থাকেন। তাছাড়া এখানে বিভিন্ন গ্রেডের কর্মচারির ২১টি পদ রয়েছে।

জাতীয় পর্যায়ে মৎস্য সম্পদের টেকসই উৎপাদন বৃদ্ধি, নিরাপদ মৎস্য খাদ্য উৎপাদন, আধুনিক চাষাবাদ ও উন্নত ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে মৎস্য প্রশিক্ষণ একাডেমি (FTA) মৎস্য অধিদপ্তরের মানবসম্পদ উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে কাজ করছে। এই একাডেমি মূলত অধিদপ্তরের নবনিযুক্ত ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাগণের জন্য নিবিড় মৌলিক প্রশিক্ষণ এবং মধ্যম ও উর্ধ্বতন কর্মকর্তাদের জন্য উচ্চতর কারিগরি ও প্রশাসনিক দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করে থাকে, যাতে একটি আধুনিক তথ্য প্রযুক্তি নির্ভর, জনকল্যাণমুখী ও দক্ষ জনবল নিশ্চিত করা সম্ভব হয়। একাডেমির প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রধানত দুই ভাগে বিভক্ত ক) দীর্ঘমেয়াদী কোর্স, যা কর্মকর্তাদের পেশাগত ভিত্তি ও সরকারি বিধি-বিধান সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান প্রদান করে এবং খ) স্বল্পমেয়াদী কোর্স, যা দ্রুত পরিবর্তনশীল মৎস্য প্রযুক্তির মতো বিশেষায়িত বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে থাকে। এছাড়া, মৎস্য অধিদপ্তরের অধীনে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে কর্মকর্তাদের বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করা হয়, যা মাঠ পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের গতিকে ত্বরান্বিত করে। উল্লেখ্য যে, মৎস্য প্রশিক্ষণ একাডেমির কার্যক্রম কেবল সরকারি কর্মকর্তাগণের মধ্যেই সীমাবদ্ধ নয় বরং এটি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে অংশীদারিত্বের মাধ্যমে তাদের জনবলকেও প্রশিক্ষণ প্রদান করে থাকে; এক্ষেত্রে সহযোগী সংস্থাসমূহ মূলত প্রয়োজনীয় আর্থিক তহবিল (Fund) সরবরাহ করে থাকে। একাডেমি তার বিশেষজ্ঞ প্রশিক্ষক ও উন্নত অবকাঠামো ব্যবহার করে কারিগরি জ্ঞান প্রদান নিশ্চিত করে। সামগ্রিকভাবে, এই প্রশিক্ষণ একাডেমি আধুনিক মৎস্য প্রযুক্তির সমন্বয় ও দক্ষ ব্যবস্থাপক তৈরির মাধ্যমে দেশের নিরাপদ মৎস্য উৎপাদন নিশ্চিতকরণের একটি কার্যকর প্রতিষ্ঠান হিসেবে কাজ করে থাকে।

মৎস্য প্রশিক্ষণ একাডেমির কৌশলগত উদ্দেশ্যসমূহ

পেশাদারিত্ব ও সেবার মানোন্নয়ন: অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাদের প্রযুক্তিগত, ব্যবস্থাপনাগত ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির মাধ্যমে একটি দায়িত্বশীল, আধুনিক ও সর্বোচ্চ পেশাদারিত্ব সম্পন্ন জনবল গড়ে তোলা এবং জনমুখী সেবার মান নিশ্চিত করা।

প্রযুক্তিগত উৎকর্ষতা ও জ্ঞান হালনাগাদকরণ: দ্রুত পরিবর্তনশীল মৎস্য প্রযুক্তি এবং চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মকর্তাগণের নিয়মিত তথ্য ও প্রযুক্তির আধুনিক সংস্করণের সাথে পরিচিত ও দক্ষ করে তোলা।

সম্পদ ব্যবস্থাপনা ও উৎপাদনশীলতা বৃদ্ধি: সামুদ্রিক ও অভ্যন্তরীণ মৎস্যসম্পদের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ এবং আধুনিক চাষ পদ্ধতি প্রয়োগের মাধ্যমে জাতীয় মৎস্য উৎপাদনশীলতা বৃদ্ধিতে কর্মকর্তাগণের কারিগরি জ্ঞান উন্নয়ন।

পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ: জলজ পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জীববৈচিত্র্য সংরক্ষণে কর্মকর্তাগণের মধ্যে ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরি ও প্রয়োজনীয় কারিগরি সক্ষমতা বৃদ্ধি করা।

কৌশলগত প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন: মৎস্য অধিদপ্তরের সামগ্রিক লক্ষ্য অর্জনে বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন এবং এর সফল বাস্তবায়ন করা।

আধুনিক কারিকুলাম ও মডিউল প্রণয়ন: সমসাময়িক চাহিদার ভিত্তিতে উন্নত মানের প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়ন এবং মানসম্মত প্রশিক্ষণ ম্যানুয়াল ও মডিউল তৈরি করা।

জ্ঞান বিনিময় ও নীতিনির্ধারণী সংলাপ: টেকসই মৎস্য সম্পদ উন্নয়নের লক্ষ্যে জাতীয় পর্যায়ে সেমিনার, ওয়ার্কশপ এবং কনফারেন্স আয়োজনের মাধ্যমে জ্ঞান বিনিময় ও কৌশলগত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা।



প্রশিক্ষণ কার্যক্রম

মৎস্যখাতে চতুর্থ শিল্প বিপ্লবের (4IR) সম্ভাবনাকে কাজে লাগাতে এবং বৈশ্বিক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে মৎস্য প্রশিক্ষণ একাডেমি নিরলস ভূমিকা পালন করছে। বর্তমান প্রেক্ষাপটে মৎস্যখাতে আধুনিক প্রযুক্তির ব্যবহার এখন কেবল সময়ের দাবি নয় বরং অপরিহার্য। এই লক্ষ্য অর্জনে মৎস্য খাতের সাথে সরাসরি ও পরোক্ষভাবে যুক্ত বিশাল জনগোষ্ঠীর কারিগরি দক্ষতা উন্নয়ন এখন প্রধান অগ্রাধিকার। বর্তমানে দেশের মোট জনসংখ্যার প্রায় ১২ শতাংশ বা ১৮ মিলিয়নেরও (১.৮ কোটি) বেশি মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মৎস্য খাতের বিভিন্ন কর্মকাণ্ডে (আহরণ, চাষ, বিপণন ও প্রক্রিয়াজাতকরণ) নিয়োজিত। এর মধ্যে প্রায় ১.৪ মিলিয়ন (১৪ লক্ষ) নারী রয়েছে যারা এই খাতের অবিচ্ছেদ্য অংশ (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা- ২০২৩)। এই বিশাল জনগোষ্ঠীসহ মৎস্য ব্যবস্থাপনা ও সম্প্রসারণে জড়িত মৎস্য অধিদপ্তরের কারিগরি জনবলের দক্ষতা আন্তর্জাতিক মানে উন্নীত করা একাডেমির অন্যতম প্রধান লক্ষ্য।

এ একাডেমি অনুমোদিত বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার আলোকে কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষ সাধনে বছরব্যাপী বিভিন্ন মেয়াদে বিষয়ভিত্তিক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার আয়োজন করে থাকে। কর্মকর্তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, সৃজনশীল প্রতিভার বিকাশ, পেশাদার কর্মপরিবেশ সৃষ্টি এবং কৌশলী নেতৃত্বের বিকাশ ঘটানোর লক্ষ্যকে সামনে রেখে মৎস্য অধিদপ্তরের এফ্রি লেভেল কর্মকর্তাগণের জন্য চাকুরির প্রারম্ভেই এ একাডেমি নিয়মিতভাবে ৪০ দিনব্যাপী ‘মৌলিক প্রশিক্ষণ কোর্স’ পরিচালনা করছে।



২০২৪-২৫ সালে আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা

No.	Subjects
01.	Training of Fisheries Survey Officer's on FRSS System (3 Batches).
02.	Training on Advanced Aquaculture Practices in Bangladesh
03.	Training Course on Fish Farming and Management (2 Batches)
04.	Training on Climate Resilient Approaches for Fisheries and Aquaculture Sector
05.	Workshop on Validation of Modules Designed for the Basic Training Course of Entry-Level Officers of the Department of Fisheries
06.	Workshop on Necessary Revision of Modules and Preparation of Session Plans for the Basic Training Course of Entry-Level Officers of the Department of Fisheries
07.	Orientation Course for Newly Appointed Officers of the 43rd BCS (Fisheries) Cadre
08.	Basic Training Course of Entry-Level Officers' of DoF.
09.	Training on "Skill Development in Public Procurement and Financial Management" under the Climate Smart Agriculture and Water Management Project (DoF Part) (2 Batches)
10.	Capacity Development Training for DoF Officials on Safe Fish Drying Technology under the Pesticide Risk Reduction in Bangladesh Project (DoF Part)
11.	Skill Development Training Course on "Computer, Internet, and D-Nothi" for 11th-20th Grade Employees of the Department of Fisheries

